গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

**বিষয়ঃ আগামী ১৫ জুলাই, ২০২৩ তারিখ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: আমিনুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন)
(সচিবের রুটিন দায়িত্বে)
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
সভার তারিখ : ২২/০৬/২০২৩
সভার সময় : সকাল ১১:০০টা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ''পরিশিষ্ট ক''।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) বলেন, প্রতি বছরের ন্যায় এ বছরও মন্ত্রণালয়ের ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হবে। তিনি ২৪তম প্রতিষ্ঠা বার্ষিকীতে কী কী কর্মসূচি গ্রহণ করা হয়েছিল তা সভায় উপস্থাপন করেন। অতঃপর সভায় উপস্থিত সকল কর্মকর্তা আলোচনায় অংশগ্রহণ করেন এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র. নং | বিষয়/ কর্মসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | অনুষ্ঠান আয়োজন ও আপ্যায়ন | আগামী ১৫ জুলাই, ২০২৩ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা, আপ্যায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) আগামী ১৫ জুলাই, ২০২৩ তারিখ শনিবার 'শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র', বেইলি রোড, ঢাকায় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে একটি আলোচনা সভার আয়োজন করতে হবে।<br>খ) মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ, ঢাকাস্থ পাহাড়ী বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহ-কে আমন্ত্রণ জানাতে হবে।<br>গ) আমন্ত্রিত অতিথিবৃন্দের উপস্থিতিতে প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে কেক কাটা হবে। সকলের জন্য আপ্যায়ন এবং দুপুরের খাবার এর ব্যবস্থা করতে হবে। | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>যুগ্মসচিব (প্রশাসন)<br>উপসচিব (প্রশাসন-১)<br>খ) যুগ্মসচিব (প্রশাসন)<br>উপসচিব (প্রশাসন-১)<br>(গ) উপসচিব (বাজেট/প্র:২)<br>প্রশাসনিক কর্মকর্তা (বাজেট/প্র:২) |
| ২। | প্রচার-প্রচারণা | ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা কার্ড তৈরি, বহুল প্রচারের লক্ষ্যে শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্রে ঝুলানো ফেস্টুন, আলোচনা সভার জন্য ব্যাকড্রপ ব্যানার এবং শুভেচ্ছা কার্ড তৈরি করা এবং মোবাইলে এসএমএস এর মাধ্যমে প্রচারের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্রে ১ টি ঝুলানো ফেস্টুন, আলোচনা সভার জন্য ১টি ব্যাকড্রপ ব্যানার এবং ৩০০০ পিস শুভেচ্ছা কার্ড তৈরি করতে হবে।<br>(খ) মন্ত্রণালয়ের ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা বাণী মোবাইলে এসএমএস এর মাধ্যমে প্রচারের জন্য বিটিআরসি/ডাক ও টেলিযোগাযোগ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>(গ) প্রতিষ্ঠা বার্ষিকীর সংবাদ বিভিন্ন মিডিয়ায় প্রচারের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/প্রধান তথ্য কর্মকর্তার নিকট পত্র প্রেরণ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>যুগ্ম সচিব (প্রশাসন)<br>উপসচিব(প্রশাসন-১)<br>(খ) উপসচিব (প্রশাসন-১)<br>(গ) জনসংযোগ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (ঘ) প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে প্রেস রিলিজের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | (ঘ) জনসংযোগ কর্মকর্তা |
| ৩। | শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র সাজসজ্জাকরণ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র সাজসজ্জাকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) মন্ত্রণালয় সজ্জাকরণ এবং শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্রে আলোকসজ্জাকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সাজসজ্জাকরণ উপকমিটি গ্রহণ করবেন। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং যুগ্মসচিব (প্রশাসন)। |

৪। প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়:

**(ক) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন কমিটি:**

| | | |
|---|---|---|
| অতিরিক্ত সচিব (প্রশাসন) | - | আহ্বায়ক |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | - | সদস্য |
| যুগ্মসচিব (পরিষদ) | - | সদস্য |
| যুগ্মসচিব (উন্নয়ন) | - | সদস্য |
| উপসচিব (প্রশাসন-১) | - | সদস্য |
| উপসচিব (উন্নয়ন) | - | সদস্য |
| উপসচিব (বাজেট/প্রশাসন-২) | - | সদস্য |
| সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-১) | - | সদস্য |
| যুগ্মসচিব (প্রশাসন) | | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি নিম্নরূপ:**

(১) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের যাবতীয় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনা নিশ্চিতকরণে তদারিক করা।

(২) গঠিত উপকমিটি প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**(গ) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র সাজসজ্জাকরণ উপকমিটি:**

| | | |
|---|---|---|
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | - | আহ্বায়ক |
| যুগ্মসচিব (উন্নয়ন) | - | সদস্য |
| যুগ্মসচিব (প্রশাসন) | - | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি নিম্নরূপ:**

(১) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র সাজসজ্জাকরণের নিমিত্ত সম্ভাব্য বাজেট তৈরি পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা

(২) উপকমিটি প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করতে পারবেন।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/০৬/২০২৩
(মো: আমিনুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
(সচিবের রুটিন দায়িত্বে)
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নম্বর-২৯.০০.০০০০.২১৩.২৩.০০৮.২১-৩২৯

তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রিঃ

কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব (সকল),পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সহকারী সচিব (পরিষদ-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।
১১। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। আইসিটি স্পেশালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫/০৭/২০২৩
(সজল কান্তি বনিক)
উপসচিব